রাজাগঞ্জ বিএনপির দ্বি-বার্ষিক সম্মেলন : সভাপতি অলি মিয়া, সেক্রেটারি নিমার

কানাইঘাট প্রতিনিধি :

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) রাজাগঞ্জ ইউনিয়ন শাখার দ্বি-বার্ষিক সম্মেলন সম্পন্ন হয়েছে। ইউনিয়ন বিএনপির নতুন সভাপতি অলি মিয়া তালুকদার, সেক্রেটারি নুরুল হোসেন নিমার এবং সাংগঠনিক সম্পাদক বদরুল ইসলাম নির্বাচিত হয়েছেন।
গতকাল ৮ নভেম্বর সোমবার রাজাগঞ্জ বাজার সংলগ্ন এক মিলনায়তনে অনুষ্ঠিত দ্বি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিলেট জেলা বিএনপির আহবায়ক কামরুল হুদা জায়গীরদার। তিনি তার বক্তব্যে বলেন, বিএনপি একটি দেশপ্রেমিক রাজনৈতিক দল। শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের স্বপ্নের বাংলাদেশ গড়তে হলে আমাদেরকে সুসংহত হয়ে আন্দোলন-সংগ্রামে অগ্রণী ভূমিকা পালন করতে হবে।
সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য সাবেক সাংসদ আবুল কাহির চৌধুরী, মাহবুবুর রব চৌধুরী ফয়সল, উপজেলার সাবেক চেয়ারম্যান আশিক উদ্দিন চৌধুরী, এবং কানাইঘাট উপজেলা বিএনপির আহবায়ক আব্বাস উদ্দিনসহ উপজেলা বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

ইউনিয়ন বিএনপির নবনির্বাচিত কমিটি দলের সকল পর্যায়ের নেতাকর্মীদের সহযোগিতায় আন্দোলন-সংগ্রামে হাতে হাত রেখে চলার আশাবাদ ব্যক্ত করেন।